

যুগান্ত

প্রিন্ট: ১৩ নভেম্বর ২০২৫, ১০:২০ এএম

শিক্ষান্তর

বেসরকারি কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ক্লাস স্থগিত



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১২ নভেম্বর ২০২৫, ০৮:১৫ পিএম



যদিও বিশ্ববিদ্যালয়গুলো আনুষ্ঠানিকভাবে কোনো কারণ জানায়নি। তবে আগামীকাল ১৩ নভেম্বর আওয়ামী লীগের 'ঢাকা লকডাউন' কর্মসূচি এবং দেশজুড়ে অগ্নিসংযোগ ও সহিংসতার ঘটনায় বেশ কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্লাস স্থগিত করা হয়েছে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশসহ কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় আজ ও আগামীকাল (১২ ও ১৩ নভেম্বর) সশরীরে ক্লাস স্থগিত রেখে অনলাইনে কার্যক্রম চালানোর ঘোষণা দিয়েছে।

যদিও বিশ্ববিদ্যালয়গুলো আনুষ্ঠানিকভাবে কোনো কারণ জানায়নি।

আগামীকাল (১৩ নভেম্বর) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের ঘটনায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তিনি আসামির বিরুদ্ধে করা মামলার রায় কবে হবে, তা ঘোষণা করা হবে।

গত ১১ নভেম্বর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এক বিজ্ঞপ্তিতে জানায়, 'অনিবার্য কারণে' ১২ ও ১৩ নভেম্বর সব ক্লাস অনলাইনে অনুষ্ঠিত হবে। এই সময়ে পূর্বনির্ধারিত কোনো পরীক্ষাও নেওয়া হবে না এবং শিক্ষকদের সুবিধামতো সময়ে পরীক্ষার নতুন তারিখ নির্ধারণ করতে বলা হয়। আজ রুধিবার অফিস খোলা থাকলেও ১৩ নভেম্বর কর্মকর্তা-কর্মচারীরা বাসা থেকে কাজ করবেন।

একইভাবে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অফ বাংলাদেশ জানিয়েছে, ১২ নভেম্বর থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের ক্যাম্পাসে সব ক্লাস অনলাইনে চলবে। গতকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের বাস চলাচলও বন্ধ রাখা হয়েছে।

গত তিন দিনে ঢাকা, গাজীপুরসহ দেশের বিভিন্ন স্থানে বাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। গত ১১ নভেম্বর ময়মনসিংহে একটি বাসে অগ্নিসংযোগের ঘটনায় একজনের মৃত্যু ও দুজন গুরুতর আহত হন। এ ছাড়া ঢাকা ও এর বাইরের কয়েকটি স্থানে ককটেল ও পেট্রল বোমা বিস্ফোরণের খবরও পাওয়া গেছে।